

MAY 25 2002

দৈনিক ইককিলাব

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

মানসম্মত শিক্ষার উপায় খুঁজে বের করতে গবেষকদের এগিয়ে

আসতে হবে শিক্ষামন্ত্রী ১৯৯৮
শিক্ষা বিষয়ে গবেষণা পরিষদের সভাপতি
কর্তব্য বিবরণী, শিক্ষামন্ত্রী ড. এম ওসমান
ফারুক বলেছেন, শিক্ষাসন থেকে নকল,
সন্ত্রাস ও দুর্নীতি রোধ করে মানসম্মত
শিক্ষার উপায় খুঁজে বের করার জন্য
গবেষকগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে
পারেন। এ ব্যাপারে তাদের এগিয়ে আসতে
হবে।

মন্ত্রী ঢাকায় শিক্ষা প্রকল্প ও উন্নয়ন
গবেষণা ফাউন্ডেশনের (ফ্রেপড) ২৮তম
বার্ষিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান
অতিথির বক্তৃতা করছিলেন। অনুষ্ঠানে
অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের
ডাইস চ্যান্সেলর অধ্যাপক আনোয়ার উল্লাহ
চৌধুরী এবং ফ্রেপডের সভাপতি জাতীয়
অধ্যাপক মুহাম্মদ শামস উল হক বক্তৃতা
করেন। শিক্ষামন্ত্রী বলেন, দেশে অনেক
বিষয় নিয়ে অনেক গবেষণা হয়েছে, রিপোর্ট
হয়েছে কিন্তু ইতিবাচক কোন ফলাফল
অর্জিত হয়নি। তিনি বলেন, গবেষণার
বিষয় হতে হবে সমসাময়িক প্রয়োজনের
শ্রেণিতে এবং বাস্তবমুখী। মন্ত্রী বলেন,
বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে জ্ঞান-
বিজ্ঞানের বিপ্লবের মাধ্যমে উন্নতি সাধিত
হচ্ছে এবং দেশের উন্নয়নের প্রয়োজনে
আমাদের জ্ঞান-বিজ্ঞানের মূল স্রোতের
সৈনিক হতে হবে। তিনি বলেন, দেশে
শিক্ষা ব্যবস্থায় যে ট্রাটি বা সমস্যা রয়েছে
তার সমাধান খুঁজে বের করে শিক্ষাকে
যোগ্যযোগ্য ও আধুনিকীকরণের বিষয়ে
গবেষকগণকে এগিয়ে আসতে হবে।